

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১২

১৮ আগস্ট, ২০০৮
তারিখ : -----
০৩ ভাদ্র, ১৪১৫

প্রধান নির্বাহী

বিদেশী ব্যাংক ব্যতীত বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

আমানতকারীদের মধ্য হতে ব্যাংক-কোম্পানীর পরিচালক নিয়োগ সংক্রান্ত বিধি, ২০০৮।

উপরিউক্ত বিষয়ে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫(৫) ধারা এবং ২২ জুলাই ২০০৮ তারিখের বিআরপিডি(আর-১)৭১৭/২০০৮-৪৬২নং প্রজ্ঞাপনের মাধ্যমে জারীকৃত আমানতকারীদের মধ্য হতে ব্যাংক-কোম্পানীর পরিচালক নিয়োগ সম্পর্কিত বিধি, ২০০৮ এর প্রতি দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে।

উক্ত বিধি অনুযায়ী ব্যাংক-কোম্পানীতে আমানতকারীদের মধ্য হতে দু'জন পরিচালক নিয়োগ ৩০ সেপ্টেম্বর, ২০০৮ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। পরবর্তীতে এ পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ হতে ১৫(পনের) দিনের মধ্যে পরিচালক নিয়োগের উদ্যোগ গ্রহণ করতে হবে।

আমানতকারীদের মধ্য হতে পরিচালক নিয়োগের প্রস্তাব বাংলাদেশ ব্যাংকে প্রেরণকালে পরিচালক পদে মনোনীত ব্যক্তির পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত, সংযোজনী-“ক” অনুযায়ী ঘোষণাপত্র এবং সংযোজনী-“খ” অনুযায়ী তথ্যাদি দাখিল করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ ০২(দুই)।

(মোঃ জাহাঙ্গীর আলম)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১১৭৮২৫

ঘোষণাপত্র

আমি ঘোষণা করিতেছি যে, ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১৫(৫) ধারা, আমানতকারীদের মধ্য হইতে ব্যাংক-কোম্পানীর পরিচালক নিয়োগ সম্পর্কিত বিধি, ২০০৮ এবং বিআরপিডি সার্কুলার নং-১১/২০০৭ এর মাধ্যমে জারীকৃত ব্যাংক-কোম্পানীর পরিচালক পদে নিযুক্তির ক্ষেত্রে যোগ্যতা ও উপযুক্ততার নীতিমালা অনুযায়ী আমি (সংশ্লিষ্ট ব্যাংকের নাম উল্লেখ করিতে হইবে) আমানতকারীদের মধ্য হইতে পরিচালক নিযুক্ত হইবার যোগ্য। আমি আরও ঘোষণা করিতেছি যে-

- ক) আমি কোন আদালত কর্তৃক ফৌজদারী অপরাধে দণ্ডিত হই নাই কিংবা কোন জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকাণ্ডের সহিত জড়িত ছিলাম না বা জড়িত নই;
- খ) কোন দেওয়ানী বা ফৌজদারী মামলায় আমার সম্পর্কে আদালতের রায়ে কোন বিরূপ পর্যবেক্ষণ/মন্তব্য নাই;
- গ) আমি কখনও আর্থিক খাত সংশ্লিষ্ট কোন নিয়ামক সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লঙ্ঘনজনিত কারণে দণ্ডিত হই নাই;
- ঘ) আমি কোন রাজনৈতিক দলের সহিত সংশ্লিষ্ট নই;
- ঙ) আমি কোন ঋণ, কর কিংবা বিল খেলাপী নই;
- চ) আমি এমন কোন কোম্পানী/প্রতিষ্ঠানের সহিত যুক্ত ছিলাম না, যাহার নিবন্ধন/লাইসেন্স বাতিল করা বা প্রতিষ্ঠানটি অবসায়িত হইয়াছে;
- ছ) আমার নিজের কিংবা স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সহিত কোন খেলাপী ঋণ নাই;
- জ) আমি কখনও কোন আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হই নাই;
- ঝ) আমি অন্য কোন ব্যাংক-কোম্পানী, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী কিংবা স্টক এক্সচেঞ্জ এর পরিচালক, কর্মকর্তা/কর্মচারী কিংবা উপদেষ্টা নই;
- ঞ) আমি কখনও (সংশ্লিষ্ট ব্যাংকের নাম উল্লেখ করিতে হইবে) এর বেতনভুক কিংবা লাভজনক পদে কিংবা উহার আইন পরামর্শক বা বহিঃহিসাব নিরীক্ষক কিংবা পরিচালক হিসাবে অধিষ্ঠিত ছিলাম না;
- ট) আমার পরিবারের কোন সদস্য (সংশ্লিষ্ট ব্যাংকের নাম উল্লেখ করিতে হইবে) এর পরিচালক নহেন এবং ব্যাংকের পরিচালকের মালিকানাধীন/পরিচালনাধীন প্রতিষ্ঠানের সহিত আমার কোন সংশ্লিষ্টতা নাই;
- ঠ) আমি বা আমার পরিবারের সদস্যবর্গ সমষ্টিকভাবে (সংশ্লিষ্ট ব্যাংকের নাম উল্লেখ করিতে হইবে) এর পরিশোধিত মূলধনের শতকরা ভাগ (শেয়ার না থাকিলে শূন্য উল্লেখ করিতে হইবে) শেয়ার ধারণ করিতেছি এবং (সংশ্লিষ্ট ব্যাংকের নাম উল্লেখ করিতে হইবে) এ আমানত এবং পরিশোধিত মূলধনের শতকরাভাগ (শেয়ার না থাকিলে শূন্য উল্লেখ করিতে হইবে) শেয়ার ধারণ ব্যতিরেকে আমার অন্য কোন ব্যবসায়িক কিংবা মুনাফার সম্পর্ক নাই।

তারিখঃ

স্বাক্ষরঃ

()

প্রতিস্বাক্ষরঃ

()
চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ
.....ব্যাংক লিঃ

(Name of the Bank)

Information regarding Proposed Director from Depositors

1.	Name	
2.	Father's Name	
3.	Mother's Name	
4.	Spouse's Name (where applicable)	
5.	Date of Birth	
6.	Business Address (with Telephone No.)	
7.	Permanent Address	
8.	Deposit Account No. & Type	
9.	National ID No.	
10.	Passport No.	
11.	Tax Identification No.	
12.	Educational Qualification	
13.	Experience in Years (in terms of Section 3(Ka) of BRPD Circular No. 11/2007)	
14.	Date of First Appointment (where applicable)	
15.	Date of Last Re-Appointment (where applicable)	
16.	Date of Interval between First Appointment and Last Re-Appointment (where applicable)	
17.	Percentage of Shareholding of the Person and his/her Family Members to the total Shares of the Bank as per Section 14Ka of the Banking Companies Act, 1991 (where applicable).	

18. Particulars of Business:

Name of Company/Business Entity	Registered Address	Business Address	Credit Facility obtained	
			Yes	No
			Name of the Bank/Financial Institution/Others	

Signature:

(Managing Director)

.....Bank Ltd.

Date: